

449

ঢাঃ বিঃ সিনেট নির্বাচনঃ

ভোট গ্রহণ

সম্পন্ন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনে ভোটগ্রহণ গতকাল (বুধবার) সম্পন্ন হইয়াছে। গত ৬ই জুন হইতে ৫ দফায় দেশের ৩৭টি (২য় পৃষ্ঠায় ৭-এর কঃ প্রঃ)

সিনেট নির্বাচন

(১ম পঃ পর)

কেন্দ্রের মাধ্যমে এই নির্বাচন সম্পন্ন হইল। সর্বশেষ গত মঙ্গলবার এবং গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি ও জিমনেশিয়াম কেন্দ্রে বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়া ভোটগ্রহণ অনুষ্ঠিত হইয়াছে। আজ (বৃহস্পতিবার) সকাল ৯টা হইতে টিএসসিতে ভোট গণনা শুরু হইবে। আজ অথবা কাল ভোট গণনা শেষে ফলাফল ঘোষণা করা হইবে।

গতকাল সর্বশেষ দিনের নির্বাচনে টিএসসি কেন্দ্রে ২ হাজার ৭২৭ এবং জিমনেশিয়াম কেন্দ্রে ৩ হাজার ৩৫৬টি ভোট প্রদত্ত হয়। গত মঙ্গলবার টিএসসি কেন্দ্রে ৫ হাজার ৪২২ এবং জিমনেশিয়াম কেন্দ্রে ২ হাজার ৫৬০টি ভোট পড়ে। ইহাছাড়া ঢাকার বাহিরের কেন্দ্রগুলিতে মোট ৬ সহস্রাধিক ভোট সংগৃহীত হইয়াছে। ফলে সারাদেশের ৩১ হাজার ৪২৪ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েটের মধ্যে ২০ সহস্রাধিক গ্র্যাজুয়েট ভোট প্রদান করেন। শতকরা ৬০ ভাগ ভোট সংগৃহীত হইয়াছে। গতকাল বিকাল ৫টায় ভোট গ্রহণ শেষ হওয়ার পর ব্যালটবাক্স সীলগালা করিয়া দেওয়া হয়।

পূর্বাঙ্গের মতই গতকালও টিএসসি এবং জিমনেশিয়াম কেন্দ্রে ছিল উৎসবের আমেজ। রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি প্রার্থী আর সমর্থকরা ভোট প্রার্থনায় ছিলেন দারুণ ব্যস্ত। কেন্দ্র দুইটির সম্মুখে স্থাপিত জাতীয়তাবাদী ঐক্য পরিষদ, গণতান্ত্রিক ঐক্য পরিষদ, প্রগতি পরিষদ এবং স্বতন্ত্র ঐক্য পরিষদের ক্যাম্প হইতে ভোটারদের সার্বিক সহযোগিতা করা হয়। ছাত্রলীগ, ছাত্রদলসহ আওয়ামী লীগ ও বিএনপির অঙ্গ সংগঠনসমূহের কর্মীরা স্ব-স্ব মতাদর্শ অনুসারী প্রার্থীদের পক্ষে লিফলেট নিয়া ভোট প্রার্থনায় সর্বক্ষণ ছিল মুখর।

গতকাল টিএসসিতে সংসদের ডেপুটি স্পীকার আবদুল হামিদ, শিল্প ও বাণিজ্য মন্ত্রী তোফায়েল আহমদ, সংসদের বিরোধী দলীয় উপনেতা একিউএম বদরুদ্দোজা চৌধুরী, পানিসম্পদ মন্ত্রী আবদুর রাজ্জাক, খাদ্যমন্ত্রী মতিয়া চৌধুরী, বিএনপি নেতা ডঃ খন্দকার মোশাররফ হোসেন, বিচারপতি একে বদরুল হক, ডঃ মঈন খান, তানভীর আহমদ সিদ্দিকী প্রমুখ বিশিষ্ট ব্যক্তি ভোট প্রদান করেন।